দৈনিক
ইত্তেফাক

8 JUN 2003

# গ্রীষ্মকালীন ছুটি শেষে ইবি খুলেছে ॥ ক্যাম্পাসে ম্যাজিস্ট্রেট ও দাঙ্গা পুলিশ মোতায়েন

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ১৫ দিনের গ্রীষ্মকালীন বন্ধ থাকার পর গতকাল শনিবার পুনরায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। তবে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল কম। ছাত্র সংগঠনগুলো তৎপর ছিল। একটি আন্দোলন ইস্যুতে অবরোধ ও বাস ভাংচুরের আশংকা থাকায় একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ক্যাম্পাসের বিভিন্ন স্পর্শকাতর পয়েন্টে বিপুল সংখ্যক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে। প্রক্টরিয়াল কমিটি নানামুখী তৎপরতা চালাচ্ছে। প্রধান গেট আটকিয়ে ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র যাচাই ও তল্লাশী চলছে। এত কঠোরতার মাঝেও হলগুলোতে চিহ্নিত অস্ত্র ও বহিরাগতদের বিচরণ রয়েছে।

২২মে অব্যাহত সহিংসতার প্রেক্ষিতে উক্ত পূর্বনির্ধারিত ছুটিতে হল বন্ধ ঘোষণা করা হয়।